

## আগস্ট-২০১৭ মাসের মাসিক সমন্বয় সভা

আজ ১২ সেপ্টেম্বর সকাল-১১.০০ ঘটিকায় ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে আগস্ট ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচ্য বিষয় সমূহ ছিল ইনোভেশন কমিটির কার্যক্রম, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং, অডিট আপত্তি সংক্রান্ত, অনিস্পন্ন বিষয়। এছাড়াও জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মামলা সংক্রান্ত, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণ, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য জুলাই ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রতি মাসের দ্বিতীয় মঙ্গলবার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও সভায় ই-ফাইলিং, আপা, শুদ্ধাচার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ ক্যাপ এর সকল কার্যক্রম সমন্বয় সভায় এজেন্ডাভুক্ত করে তা ছক আকারে উপস্থাপন করা হয়। উপস্থাপিত এজেন্ডাসমূহ বাস্তবায়ন ও অগ্রগতির উপর আলোচনা হয়। সমন্বয় সভায় মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা এবং দপ্তর সংস্থার প্রধানগণ উপস্থিত ছিলেন।